রাজনৈতিক উত্তাপের মধ্যে ধৈর্যের আহ্বান জামায়াত আমিরের



সংগৃহীত ছবি

জামায়াতের নেতৃত্বাধীন জোটে না গিয়ে ইসলামী আন্দোলন বাংলাদেশের একক নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণাকে ঘিরে রাজনৈতিক অঙ্গনে আলোচনা চলছে। বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমেও ব্যাপক প্রতিক্রিয়া তৈরি করেছে।

এই প্রেক্ষাপটে শুক্রবার (১৬ জানুয়ারি) সন্ধ্যায় জামায়াত আমির ডা. শফিকুর রহমান ফেসবুকে স্ট্যাটাস দিয়ে বলেন, ধৈর্যের পরীক্ষাই সবচেয়ে বড় পরীক্ষা। তিনি সবাইকে ধৈর্য ধারণের আহ্বান জানান এবং পরস্পরের প্রতি সম্মান দেখানোর কথা উল্লেখ করেন। কারও নাম না বললেও, জোট রাজনীতির সাম্প্রতিক টানাপোড়েনের সঙ্গেই বক্তব্যটি মিলিয়ে দেখা হচ্ছে।

এর আগে ইসলামী আন্দোলনের সংবাদ সম্মেলনে জামায়াতের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তোলা হয়। দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব গাজী আতাউর রহমান বলেন, জামায়াত ইসলামী আদর্শ থেকে সরে যাওয়ায় তারা জোটে থাকবে না এবং এককভাবে নির্বাচনে যাবে। তিনি দাবি করেন, জামায়াত ক্ষমতায় গেলে শরিয়াহ আইন বাস্তবায়ন নাও করতে পারে— এমন বক্তব্যও সামনে এসেছে।

সংবাদ সম্মেলনে আরও বলা হয়, জামায়াত আমিরের কিছু বক্তব্যে চরমোনাই পীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম অপমানিত বোধ করেছেন। গত ৯ ডিসেম্বর দুই নেতার বৈঠকে একটি জরিপ প্রসঙ্গে করা মন্তব্য থেকেই এই দূরত্ব তৈরি হয়েছে বলে দাবি করা হয়।